**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা - ১২০৭

স্মারক নং- এলজিইডি/সিই/পরিকল্পনা/পি-১০৮/২০১২/ ৭৫৪ তারিখঃ ৩০.১২.১৩ ইং

প্রতি

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ।
৩। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা ।

**বিষয়ঃ পেশাগত উৎকর্ষ সাধন, চলমান - পরিবর্তনশীল উন্নয়ন উদ্যোগ ও ধারণার বিষয়ে 'ফ্রি সেমিনার' আয়োজন প্রসংগে।**

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক উভয় ক্ষেত্রে পেশাগত উৎকর্ষতা সাধনের জন্য নিয়মিত জ্ঞানচর্চা, চলমান ও পরিবর্তনশীল উন্নয়ন উদ্যোগ ও ধারনার সংগে পরিচিত থাকা এবং পারস্পরিক মত বিনিময়ের প্রয়োজন অনস্বীকার্য। দেশের অন্যতম উন্নয়ন প্রতিষ্ঠান হিসেবে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে (এলজিইডি) এসকল কার্যক্রম চালু রাখা অতীব প্রয়োজন। এলক্ষ্যে এলজিইডি'র পরিকল্পনা ইউনিট কর্তৃক 'ফ্রি সেমিনার' শীর্ষক এক কর্মসূচী গ্রহন করা হয়েছে যা বৎসরব্যাপী চালু থাকবে। সেমিনারগুলো অনুর্দ্ধ ২ ঘন্টা ব্যাপী স্থায়ী হবে এবং মূলতঃ সমকালীন উন্নয়ন ধ্যান-ধারণা, প্রকৌশল ব্যবস্থাপনা ও উদ্ভাবনী উদ্যোগের বিষয়গুলো প্রতিপাদ্য হিসেবে স্থান পাবে।

এলজিইডি'র আগ্রহী যে কোন কর্মকর্তা এ সেমিনারে অংশগ্রহন এবং প্রতিপাদ্য উপস্থাপন করতে পারবেন। যথাসম্ভব আনুষ্ঠানিকতা পরিহার করতঃ সময়ের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা হবে এ কর্মসূচীর অন্যতম বৈশিষ্ট্য। পরিকল্পনা ইউনিট এ সেমিনারগুলি সমন্বয়ের দায়িত্ব পালন করবে। এ ব্যাপারে যারা আগ্রহী তাঁদেরকে পরিকল্পনা ইউনিটের সংগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

২৯/১২/২০১৩

(মোঃ ওয়াহিদুর রহমান)
প্রধান প্রকৌশলী

E:\SE Planning\Admistration letter.doc (Com-A)